

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৭০

পর্ব ২১: খাদ্য (ইৰু । টেব)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأُوَّلُ

আরবী

وَعَن أنس قَالَ: مَا أَعْلَمُ النَّبِيّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَى رَغِيفًا مُرَقَّقًا حَتَّى لَحِقَ بِاللَّهِ وَسَلَّمَ رَأَى رَغِيفًا مُرَقَّقًا حَتَّى لَحِقَ بِاللَّهِ وَلَا رَأَى شَاةً سَمِيطًا بِعَيْنِهِ قَطُّ. رَوَاهُ البُخَارِيّ

বাংলা

8১৭০-[১২] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর সাথে মিলিত হওয়া পর্যন্ত পাতলা রুটি দেখেছেন বলে আমার জানা নেই আর না তিনি কখনো স্বচক্ষে ভুনা বকরী দেখেছেন। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ: সহীহুল বুখারী ৫৪২১, ৬৪৫৭; সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩২৭২, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৩৬৯৪, ইবনু মাজাহ ৩৩৩৯, সহীহ ইবনু হিব্বান ৬৩৫৫, মুসনাদে আহমাদ ১২২৯৬।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (وَلَا رَأَى شَاةً سَمِيطًا بِعَيْنِه قَطُّ) "তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কখনো স্বচক্ষে ভুনা ছাগল দেখেননি"। شَاةً سَمِيطًا আমন ভুনা ছাগলকে বলা হয় যার লোম গরম পানি দিয়ে পরিষ্কার করে চামড়াসহ ভুনা করা হয়। ক্র শব্দের মধ্যে এ ইঙ্গিত রয়েছে যে, চামড়াসহ ভুনা করা ছাগলের গোশত খাওয়া তো দূরের কথা তিনি তা কখনো দেখেননি। না নিজ গৃহে আর না অপরের গৃহে। (মিরক্রাতুল মাফাতীহ; ফাতহুল বারী ৯ম খন্ড, হাঃ ৫৩৮৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন